গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

এবং

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিগত তিন বছরে বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান ও শ্মশান সংস্কার/মেরামতের জন্য ট্রাস্টের নিজস্ব তহবিল হতে মোট ৮০ (আশি) লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ৪.৫০ কোটি টাকার বিশেষ অনুদান বৌদ্ধ ধর্মাবলম্বীদের ধর্মীয় উৎসব (বুদ্ধ পূর্ণিমা ও কঠিন চীবর দান) উদযাপনের জন্য প্রদান করা হয়েছে। অস্বচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসা সহায়তা বাবদ ২৫ লক্ষ টাকা বিশেষ অনুদান প্রদান করা হয়েছে। প্রাথমিক শিক্ষার হার বৃদ্ধি ও বৌদ্ধ ধর্মাবলম্বী শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদানের জন্য "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা ২য় পর্যায়" প্রকল্পের মাধ্যমে ১২টি জেলার ৬২টি উপজেলায় ৩০০টি কেন্দ্রে শিক্ষা কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে। বিগত ৩ (তিন) বছরে এ প্রকল্পের মাধ্যমে ১৪ (চৌদ্দ) হাজার শিশু শিক্ষার্থী প্রাক-প্রাথমিক শিক্ষাসহ ধর্মীয় ও নৈতিক শিক্ষা সম্পন্ন করেছে। বর্তমানে ৬ (ছয়) হাজার বৌদ্ধ শিশু প্রাক-প্রাথমিক শিক্ষাসহ ধর্মীয় ও নৈতিক শিক্ষায় অধ্যায়ন করছে। পাশাপাশি মাঠ পর্যায়ে ৩ (তিন)শত বৌদ্ধ ধর্মাবলম্বী নারী ও পুরুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সরকার প্রদত্ত স্থায়ী আমানত হতে প্রাপ্ত মুনাফা এ সংস্থার মূল আয়ের উৎস। আর্থিক সীমাবদ্ধতা, ব্যাংক সুদের হার দিন দিন হ্রাস পাওয়া এবং ট্রাস্টের জনবল স্বল্পতার কারণে সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা ব্যহত হচ্ছে। এছাড়া, ঢাকাসহ বিভাগ ও জেলা পর্যায়ে ট্রাস্টের স্থায়ী অফিস ও জনবল প্রয়োজন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

প্যাগোডা, শ্মশান, বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান মেরামতের জন্য আর্থিক অনুদান বৃদ্ধি, ধর্মীয় উৎসব পালনের জন্য আর্থিক সহায়তা অব্যাহত রাখা, প্যাগোডা ভিত্তিক শিশু শিক্ষা প্রকল্প যথাযথভাবে পরিচালনা করা, ঢাকায় বৌদ্ধ শ্মশান প্রতিষ্ঠা, বৌদ্ধ বিহার/প্যাগোডা, উপাসনালয় ও শ্মশানের জরিপ, বৌদ্ধ বিহার ওপ্যাগোডা মেরামতও সংস্কার, জেলা ভিত্তিক মডেল বৌদ্ধ বিহার/প্যাগোডা, পাঠাগার ও বৌদ্ধ সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন। এছাড়া সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় আন্তঃধর্মীয় সংলাপ আয়োজন, বৌদ্ধ ভিক্ষুদের প্রশিক্ষণ এবং বৌদ্ধ ধর্মীয় গ্রন্থ প্রকাশনা কার্যক্রম গ্রহণ।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ছয় হাজার শিশু শিক্ষার্থী প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিক শিক্ষা অর্জন করবে;
- বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান/শ্মশান সংস্কার ও মেরামতের জন্য ২৭ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান;
- ধর্মীয় উৎসব উদযাপনের জন্য বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে ১(এক) কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান;
- অস্বচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য ৭ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

এবং

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা সম্পন্ন বৌদ্ধ সম্প্রদায় ।

১.২ অভিলক্ষ্য (Mission)

দেশের বৌদ্ধ সম্প্রদায়ের সার্বিক কল্যাণে বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার ও উন্নয়নে সহায়তা প্রদান, বিভিন্ন ধর্মীয় উৎসব উদযাপন এবং ধর্মীয় ও নৈতিক শিক্ষার প্রসারের মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি সুদৃঢ়করণ ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ।
২. বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে আর্থিক সহায়তা প্রদান।
৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থারর প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ।
৪. অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান।
২. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা।
৩. ধর্মীয় উৎসব উদযাপনের জন্য আর্থিক সহায়তা প্রদান।
৪. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থারর প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ।
৫. অস্বচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নতি	প্রাক-প্রাথমিকে ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা শিক্ষা অর্জনকারী শিক্ষার্থী যারা পরবর্তীতে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছেন	সংখ্যা	২০০০	৬০০০	৬০০০	১০০০০	১০০০০	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প , বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	বার্ষিক প্রতিবেদন
ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ	ধর্মীয় প্রতিষ্ঠান ও শ্মশানে বরাদ্দকৃত অর্থের ব্যয়	%	৯৬	৯৭	৯৮	৯৯	৯৯	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বার্ষিক প্রতিবেদন
বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে সহায়তা প্রদান	বরাদ্দকৃত অর্থের ব্যয়	%	১০০	১০০	১০০	১০০	১০০	মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বার্ষিক প্রতিবেদন
অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান	বরাদ্দকৃত অর্থের ব্যয়	%	৯৬	৯৭	৯৮	৯৯	৯৯	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ।	২৫	[১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান	[১.১.১] শিক্ষা অর্জনকারী শিশু শিক্ষার্থী	সমষ্টি	সংখ্যা	১৫	২০০০	৬০০০	৬০০০	৫৮০০	৫৬০০	৫৪০০	৫২০০	১০০০০	১০০০০
		[১.২] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা	[১.২.১] বিতরণকৃত শিক্ষা উপকরণ সেট	সমষ্টি	সংখ্যা	১০	২০০০	৬০০০	৬০০০	৫৮০০	৫৬০০	৫৪০০	৫২০০	১০০০০	১০০০০
[২] বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে আর্থিক সহায়তা প্রদান।	২০	[২.১] ধর্মীয় উৎসব পালনে ধর্মীয় প্রতিষ্ঠানে আর্থিক সহায়তা প্রদান	[২.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	সমষ্টি	%	২০	১০০	১০০	১০০	৯৮	৯৫	০০	০০	১০০	১০০
[৩] ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থারর প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ।	১৫	[৩.১] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান	[৩.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	সমষ্টি	%	১৫	৯৬	৯৭	৯৮	৯৫	৯০	০০	০০	৯৮	৯৯
[৪] অসচ্ছল বৌদ্ধ ভিক্ষু ও অসহায়দের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান।	১০	[৪.১] চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান	[৪.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	সমষ্টি	%	১০	৯৬	৯৭	৯৮	৯৫	৯০	০০	০০	৯৮	৯৯

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হিসাবে সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	তারিখ
সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এ পি এ	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
২	ধ বি ম	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩	বি আর ডব্লিউ টি	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান	[১.১.১] শিক্ষা অর্জনকারী শিশু শিক্ষার্থী	প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প	সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্তৃক সরবরাহকৃত শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থীর জেলাভিত্তিক স্বাক্ষরিত বিবরণী
[১.২] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা	[১.২.১] বিতরণকৃত শিক্ষা উপকরণ সেট	প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প	সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট জেলা ভিত্তিক বিবরণী
[২.১] ধর্মীয় উৎসব পালনে ধর্মীয় প্রতিষ্ঠানে আর্থিক সহায়তা প্রদান	[২.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক বরাদ্দের বিপরীতে ব্যয়ের তথ্য সম্বলিত বিবরণী/প্রতিবেদন
[৩.১] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান	[৩.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক বরাদ্দের বিপরীতে ব্যয়ের তথ্য সম্বলিত বিবরণী/প্রতিবেদন
[৪.১] চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান	[৪.১.১] বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	ব্যক্তি অনুদানের মোট বরাদ্দকৃত অর্থের পরিমান এবং বিতরণকৃত অর্থের পরিমান তালিকা

সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান	বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বিলিবন্টনকৃত অনুদান (প্রকাশিত তালিকা)
বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ বিতরণ	বিতরণকৃত শিক্ষা উপকরণ সেট	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	প্রকাশিত তালিকা
শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান	শিক্ষা অর্জনকারী শিশু শিক্ষার্থী	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	প্রকাশিত তালিকা
ধর্মীয় উৎসব পালনে ধর্মীয় প্রতিষ্ঠানে আর্থিক সহায়তা প্রদান	বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বিলিবন্টনকৃত অনুদান (প্রকাশিত তালিকা)
বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার/মেরামতে আর্থিক অনুদান প্রদান	বরাদ্দকৃত অর্থের ব্যয়	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	বিলিবন্টনকৃত অনুদান (প্রকাশিত তালিকা)

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ